



গ্রামীণ কৃষি মৌসম সেবা

ভারত আবহাওয়া বিজ্ঞান বিভাগ

সেন্ট্রাল রিসার্চ ইনস্টিটিউট অফ পাট অ্যান্ড অ্যালাইড ফাইবার্স
(সিআরআইজেএফ), নীলগঞ্জ, ব্যারাকপুর-700001২০

আইসিএআর-ক্রিজাএফ



কৃষি আবহাওয়া উপদেষ্টা বুলেটিন

তারিখ : 05-09-2023

পূর্ব বর্ধমান(পশ্চিম বঙ্গ) আবহাওয়ার পূর্বাভাস - প্রকাশনার তারিখ :2023-09-05 (পরের ৫ দিন সকাল ০৮:৩০ পর্যন্ত বৈধ)

পরিমাপক	2023-09-06	2023-09-07	2023-09-08	2023-09-09	2023-09-10
বৃষ্টিপাত (মি:মি:)	10.0	10.0	5.0	12.0	12.0
সর্বোচ্চ তাপমাত্রা (°C)	31.0	32.0	32.0	31.0	31.0
সর্বনিম্ন তাপমাত্রা (°C)	25.0	26.0	26.0	26.0	26.0
সকালের আপেক্ষিক আর্দ্রতা	95	90	89	92	92
বিকেলের আপেক্ষিক আর্দ্রতা	68	62	58	59	67
বাতাসের গতিবেগ (কি:মি:/ঘন্টা)	13	11	10	10	10
বাতাসের দিকনির্দেশ (ডিগ্রি)	112	135	126	120	153
মেঘের অবস্থা (ওকটা)	8	8	8	8	8

আবহাওয়ার সংক্ষিপ্তসার/সতর্কবার্তা::

আগামী কয়েকদিন পূর্ব বর্ধমান জেলাতে আকাশ সম্পূর্ণ মেঘলা থাকার সম্ভাবনা রয়েছে। আগামী পাঁচদিন জেলাতে হালকা থেকে মাঝারী বৃষ্টিপাতের সম্ভাবনা থাকছে এবং ৭.৯.২০২৩ ও ৮.৯.২০২৩ তারিখ একটু বেশি বৃষ্টি হতে পারে। আপেক্ষিক আর্দ্রতা সর্বাধিক ৫৮% থেকে ৯২%-এর আশেপাশে থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১ - ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫-২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকার সম্ভাবনা আছে। পরবর্তী দিনগুলিতে বাতাস প্রধানত দক্ষিণ এবং দক্ষিণ-পূর্ব দিক থেকে গড়ে ১০-১১ কিমি প্রতি ঘন্টা বেগে বইবার সম্ভাবনা রয়েছে। ভারতীয় মৌসম বিভাগ থেকে প্রাপ্ত বর্ধিত পরিসরের পূর্বাভাস অনুযায়ী, আগামী সপ্তাহে (সেপ্টেম্বর ১০ - সেপ্টেম্বর ১৬) জেলাতে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং সেই সময়ে সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রাও স্বাভাবিক থাকবে।

সাধারণ পরামর্শাবলী::

খরার সূচকের (এস. পি. আই) অনুযায়ী, বর্ধমান জেলাতে বিগত চার সপ্তাহ জুড়ে মাঝারি শুষ্ক মাটির রসের অবস্থা লক্ষ্য করা গেছে এবং বৃষ্টিপাত প্রয়োজনের তুলনায় কম হয়েছে। আগামী পাঁচ দিন জেলায় মোট ৪৯ মিমি বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে। মাঠে থাকা বিভিন্ন ফসলের জমি থেকে নালা কেটে জল বের হওয়ার ব্যবস্থা রাখতে হবে। লক্ষ্য রাখতে হবে, যেন জমিতে জল না দাঁড়ায়। পরিনত ফল ও আনাজ আগেই তুলে নিতে হবে। মাচার ফসলে ভালো করে খুঁটি বেঁধে দিতে হবে, যাতে মাচা ভেঙ্গে না পড়ে। কলা, পেঁপে জাতীয় ফল গাছে খুঁটির ব্যবস্থা করতে হবে, যাতে গাছ পড়ে গিয়ে ক্ষতি না হয়। বজ্রবিদ্যুত সহ দমকা হাওয়া বইলে বাগানের ফুল বা জমির সবজি গাছের নরম কাণ্ডগুলিকে শক্ত সহায়তা দিন। বজ্রবিদ্যুত চলাকালীন চাষি ভাইয়েরা কোন পাকা বা কংক্রিটের শেড বা ছাদ এর তলায় নিরাপদ স্থানে আশ্রয় নিন, কোনও কাচা বাড়ি বা বিচ্ছিন্ন গাছের নীচে কখনও আশ্রয় নেবেন না। বজ্রপাত চলাকালীন পশুদের খোলা জল, পুকুর বা নদী থেকে দূরে রাখুন। মধ্যমমাত্রার আবহাওয়ার পূর্বাভাস ও পূর্বাভাস ভিত্তিক কৃষিপারামর্শের জন্য কৃষকভাইয়েরা মেঘদূত এবং অঞ্চলভিত্তিক বজ্রপাতের সতর্কবার্তা পেতে দামিনী এপ্লিকেশন ব্যবহার করুন।

বার্তামূলক পরামর্শ:

আগামী পাঁচদিন হাল্কা থেকে মাঝারী বৃষ্টিপাতের সাথে বজ্রবিদ্যুত ও দমকা ঝোড়ো হাওয়ার সম্ভবনা থাকছে, তাই চাষিভাইয়েরা জমিতে সার, কীটনাশক স্প্রে করা আপাতত বন্ধ রাখুন।

ফসল বিশেষ পরামর্শাবলী::

ফসল	ফসল বিশেষ পরামর্শাবলী:
ধান	পাশকাঠি ছাড়ার সময় মাজরা পোকাকার আক্রমণ হলে কারটাপ ৫০% @ ১ গ্রাম প্রতি লিটার জলে বা ফিপ্রনিল ০.৩ জি @ ৩ কেজি প্রতি একরে স্প্রে করুন। পাতায় খোলা পচা রোগের প্রাদুর্ভাব দেখা গেলে তা নিয়ন্ত্রণ করতে প্রপিকনাজল ০.৭৫ মিলি বা হেক্সাকনাজল+জিনেব ২ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন।

উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী::

উদ্যানপালন	উদ্যানপালন বিশেষ পরামর্শাবলী:
শসা	পূর্বাভাস কালে কুমড়া ফসলে ডাউনি বা পাউডারি মিলডিউ রোগের প্রাদুর্ভাব দেখা যেতে পারে। রোগ প্রতিহত করতে ব্লাইতক্স ২.৫গ্রাম প্রতি লিটার জলের সাথে বা হেক্সাকোনাজোল ০.৫মিলি প্রতি লিটার জলের সাথে গুলে স্প্রে করুন।
পেঁয়াজ	উন্নত জাতের বীজ সংগ্রহ করুন খরিফ চাষের জন্য। জমি তৈরির সময় একর প্রতি ৩-৪টন জৈব সার বা খামার পচা সার প্রয়োগ করা যেতে পারে। রাসায়নিক সার হিসাবে উন্নত জাতের জন্য একর প্রতি মূলসার হল ৩০কেজি নাইট্রোজেন, ৪০কেজি ফসফরাস ও ৩০কেজি পটাশিয়াম এবং চাপান সার হিসাবে ৩০কেজি নাইট্রোজেন, ও ৩০কেজি পটাশিয়াম চারা লাগানোর ৩০দিন পর প্রয়োগ করা যেতে পারে। বোনার সঠিক দূরত্ব হল ৬ইঞ্চি X ৪ইঞ্চি।

পশুসম্পত্তি বিশেষ পরামর্শাবলী::

পশুসম্পত্তি	পশুসম্পত্তি বিশেষ পরামর্শাবলী:
গরু	গোরুর ক্ষেত্রে অ্যানথ্রাক্স, হেমারেজিক সেপ্টিসেমিয়ার রোগের প্রতিষেধক ভ্যাকসিন বা টিকাকরণ সরকারি ব্লক লেভেল প্রাণী আধিকারিকের বা প্রাণী মিত্রা কেন্দ্র থেকে করাতে হবে। বাজার চলতি ইলেক্ট্রোলাইট ৪০-৫০ গ্রাম প্রতি লিটার জলে গুলে পান করান। গৃহপালিত পশুপাখি- সকলকে নিরাপদে থাকার ব্যবস্থা করতে হবে।



Agromet Advisory Bulletin

Date : 05-09-2023

Weather Forecast of District PURBA-BARDHAMAN(West Bengal) Issued On : 2023-09-05(Valid Till 08:30 IST of the next 5 days)

Parameter	2023-09-06	2023-09-07	2023-09-08	2023-09-09	2023-09-10
Rainfall(mm)	10.0	10.0	5.0	12.0	12.0
Tmax(°C)	31.0	32.0	32.0	31.0	31.0
Tmin(°C)	25.0	26.0	26.0	26.0	26.0
RH-I(%)	95	90	89	92	92
RH-II(%)	68	62	58	59	67
Wind Speed(kmph)	13	11	10	10	10
Wind Direction(Degree)	112	135	126	120	153
Cloud Cover(Octa)	8	8	8	8	8

Weather Summary/Alert:

Cloudy to overcast weather condition is expected in Purba Bardhaman district on next few days. Light to moderate rainfall is predicted for next five days and intensity will be little bit higher on 07.09.2023 and 08.09.2023 at different time. RH is expected to be around 58% to 92%. Maximum temperature is expected to be around 31 – 32 deg C and minimum temperature is expected to be around 25 – 26 deg C. Wind will blow mostly from South and South-East direction for next five days with an average speed of 10-11 kmph. As per the Extended Range forecast from IMD, normal rainfall is expected during next week (September 10-September 16) over the district while, maximum and minimum temperature is also likely to remain normal during the said period.

General Advisory:

As per the Standardized Precipitation Index (SPI) data of last four weeks in Burdwan district, moderately dry conditions were observed which reflects slight precipitation deficit in the month of June throughout Burdwan. Total 49 mm. rainfall is predicted on next five days. Make proper drainage channels in crop field to immediately release the stagnant water from standing vegetable field. Matured fruit and vegetables should be harvested with immediate effect. To avoid lodging in banana, papaya tree tie with stick. In view of thunderstorm accompanied with gusty winds, provide mechanical support to orchards, staking in vegetables. Farmers should avoid kaccha shed or isolated trees to take shelter. Pucca or concrete shed is safe place to take shelter during lightning and thunderstorm activities. Keep animals away from open water, pond or river. Use the “MEGHDOOT” app for medium-range weather forecast and weather-based Agro advisory. Use “Damini” mobile App to get timely alert on lighting. Follow special bulletins for detailed knowledge about extreme weather conditions.

SMS Advisory:

Light to moderate rainfall with thunder-lightning is predicted on next five days, thus, farmers are advised to stop spraying and irrigation operations in the field.

Crop Specific Advisory:

Crop(Varieties)	Crop Specific Advisory
RICE	To control yellow stem borer during tillering, apply Cartap hydrochloride @ 1 gm/ liter of water or spray Fipronil 0.3G @ 3kg/ acre. To control Sheath blight use Propiconazole 0.75 ml or Hexaconazole+Zineb @ 2gm/ liter of water in clear weather.

Horticulture Specific Advisory:

Horticulture(Varieties)	Horticulture Specific Advisory
CUCUMBER	During the forecasted weather, there may be a chance of downy or powdery mildew disease in Cucurbits. To prevent this, Farmers may use Blitox (2.5 gm/lit) along with a sticker or Hexaconazole @ 0.5 ml/l of water to prevent the disease.
ONION	Collect varieties suitable for cultivation in kharif season. Use 3-4 tonnes of FYM or organic manure during land preparation and apply 30 Kg N, 40 Kg P and 30 Kg K during sowing and as top dressing 30 Kg Nitrogen and 30 Kg K per acre land after 30 days of sowing. Ideal spacing should be 6 inch X inch.

Live Stock Specific Advisory:

Live Stock(Varieties)	Live Stock Specific Advisory
COW	Vaccinate cow to protect them from Anthrax, Haemorrhagic Septicaemia disease in block level veterinary office or in prani mitra kendra. Use common electrolytes available in the market @ 40-50 g per liter of water to feed them. Arrange safe shelter for animals during thunderstorm or cyclonic activity.